55

দৈনিক সংবাদ

তারিখ 23 MAR 1996
পৃষ্ঠা ৪ কলাম ৭

# বিশ্ববিদ্যালয় বনাম সরকারি কলেজ ও মাদ্রাসা

দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে গড়ে ছাত্রপ্রতি ২৪ হাজার ৬শ' টাকা খরচ করা হয়। সে তুলনায় সরকারি কলেজগুলোতে ছাত্রপ্রতি খরচ করা হয় মাত্র ২ হাজার ৭৪৪ টাকা। সরকারি মাদ্রাসাগুলোর অবস্থা কিছুটা ভাল। সেখানে প্রতি ছাত্রের পেছনে ব্যয় হয় প্রায় ৫ হাজার টাকা। এই খবর সম্প্রতি প্রকাশ করেছে একটি ইংরেজি দৈনিক। এগুলো নাকি শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ হিসেব। ইতিপূর্বে যেসব হিসেব দেয়া হতো সেগুলোও প্রায় এ ধরনেরই ছিল।

এই হিসেব থেকে দেখা যাচ্ছে যে, সরকারি কলেজে ছাত্রপ্রতি যে পরিমাণ টাকা সরকার খরচ করছেন তার ৯ গুণ টাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ছাত্রের জন্য খরচ করা হচ্ছে। এই তুলনা এখন প্রাসঙ্গিক, কেননা আজকাল অনেক সরকারি কলেজ বিশ্ববিদ্যালয়ের মতই মাস্টার্স ও অনার্স ডিগ্রির জন্য ছাত্রছাত্রীদের প্রস্তুত করে। সরকার নিশ্চয়ই চান যে, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা যে ডিগ্রি পায়, তা সমমানের হোক। নয় ভাগের এক ভাগ টাকা খরচ করে কিভাবে লক্ষ্য অর্জন করা সম্ভব তা বোধগম্য নয়।

প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজের মধ্যে পার্থক্য নিশ্চয়ই আছে। বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা হওয়ার কথা। তাদের এমফিল ও পিএইচডি ডিগ্রি প্রোগ্রাম আছে। এ সব কাজ কতটুকু হচ্ছে তার হিসেব নিকেশ করলে কোন বিশ্ববিদ্যালয়েরই গৌরব বাড়বে না। অন্যদিকে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয়গুলো নিজস্ব আয়ের পথ উদ্ভাবন করতে পারেন। এই ক্ষমতা সরকারি কলেজগুলোর নেই। এসব বিষয় ধর্তব্যের মধ্যে নিয়েও কলেজ ও বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্রপ্রতি ব্যয়ের এই বৈষম্য গ্রহণযোগ্য নয়।

অনার্স ও মাস্টার্স কোর্স যে সব কলেজে পড়ানো হয় সেগুলোতে শিক্ষকের সংখ্যা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তুলনা করলে হতাশ হতে হয়। এরা সরকারি চাকরি করেন বলে এদের বদলি শিক্ষা মন্ত্রণালয়ের মর্জির ওপর নির্ভর করে। কেউই কোথাও বেশি দিন স্থির হয়ে বসতে পারেন না। 'স্টাফ ডেভেলপমেন্ট' কর্মসূচিও শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে। এক কথায় অনার্স ও মাস্টার্স কোর্স পড়ানোর মত কোন পরিবেশ এ সব কলেজে নেই এবং এখন সরকার যে হারে পয়সা খরচ করছেন তাতে কাজটি করা সম্ভবও নয়।

উন্নয়ন খাতে খরচের ব্যাপারেও একই কথা সত্য। বিশ্ববিদ্যালয়গুলো তুলনামূলকভাবে যে টাকা পায় তার এক ভগ্নাংশও কলেজগুলো পায় না। সরকারি কলেজগুলোর দৈন্যদশা তার বড় প্রমাণ। ফলে উচ্চশিক্ষার নামে সরকারি কলেজগুলোতে কি বিতরণ করা হচ্ছে তার মূল্যায়ন হওয়া দরকার। বিশ্ববিদ্যালয়গুলোর সমমানের শিক্ষা যেন কলেজগুলো দিতে পারে তার ব্যবস্থা করাও দরকার। অন্যথায় অনার্স ও মাস্টার্স কোর্স পড়ানো বন্ধ করে দেয়া উচিত। অল্প বিদ্যা যে ভয়ঙ্করী সে কথা নতুন করে বলার প্রয়োজন নেই।

উচ্চতর শিক্ষা কোন দেশেই সস্তা নয়। দেশের বিশ্ববিদ্যালয়গুলোর ওপর চাপ কমানোর জন্য যেখানে প্রয়োজন ছিল নতুন নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করা, সেখানে সরকার কলেজগুলোতে অনার্স ও মাস্টার্স ডিগ্রি কোর্স চালু করে বাজিমাত করতে চেয়েছিলেন। কিন্তু মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় শিক্ষক সংগ্রহ ও টাকা পয়সা খরচ করার দক্ষতার অভাবে সরকারি কলেজগুলো শুধু দুর্নামই কুড়াচ্ছে।

টাকা পয়সার ব্যাপারে সরকারি কলেজগুলো শুধু বিশ্ববিদ্যালয়ের কাছেই হেরে যায়নি। সরকারি মাদ্রাসাতেও ছাত্রপ্রতি প্রায় দ্বিগুণ খরচ করা হচ্ছে। সরকারি কলেজগুলোর দৈন্যদশা একমাত্র সরকারই মেটাতে পারেন। বেসরকারি কলেজগুলোর জন্য সরকারি কলেজগুলো উজ্জ্বল দৃষ্টান্ত হতে পারত। কিন্তু সরকারের অবহেলার জন্য এগুলো করুণার পাত্র হয়েই থাকছে।